

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-১৫ (কারিগরি-১)  
www.moedu.gov.bd

নং-শিম/শাঃ১৫/৭-২/২০০৭/২৪২

তারিখ : ০৬ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ  
২০ জুন, ২০১১ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

আন্তর্জাতিক মানসম্পন্ন অত্যাধুনিক যন্ত্রপাতি সমৃদ্ধ বাংলাদেশ কলেজ অব লেদার টেকনোলজিতে বিশ্বমানের শিক্ষা কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন বাংলাদেশ কলেজ অব লেদার টেকনোলজি, ৪৪-৫০, হাজারীবাগ, ঢাকা-১২০৯-কে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের অধীনে ইনস্টিটিউট হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিকট হস্তান্তর করা হ'ল। এ লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করবেনঃ

- ক। আগামী ৩ মাসের মধ্যে প্রয়োজনীয় সংখ্যক যোগ্য ও অভিজ্ঞ শিক্ষক নিয়োগের মাধ্যমে প্রতিষ্ঠানটির মানসম্মত শিক্ষা কার্যক্রম শুরু করবে।
- খ। ভবিষ্যতে এতদসংক্রান্ত বিষয়ে কোন জটিলতা দেখা দিলে শিক্ষা মন্ত্রণালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে তা নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- গ। কলেজ অব লেদার টেকনোলজিকে কার্যকর একটি ইনস্টিটিউটে রূপান্তরের লক্ষ্যে প্রয়োজনীয় বিধিবিধান পরবর্তীতে জারী করা হবে;
- ২। বাংলাদেশ কলেজ অব লেদার টেকনোলজি'র বর্তমান জনবল ও সম্পদসমূহের তালিকা (Inventory) এবং দায়-দেনা নিরূপনের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক কমিটি গঠন এবং গঠিত কমিটির প্রতিবেদনের আলোকে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যাবতীয় বিষয়াদি বুঝে নিবেন।
- ৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মহা :

(আফসারী খানম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৬৯৭২৬

নং-শিম/শাঃ১৫/৭-২/২০০৭/২৪২

তারিখ : ০৬ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ  
২০ জুন, ২০১১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। চেয়ারম্যান (প্রতিমন্ত্রীর পদমর্যাদার), বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস, মাননীয় সংসদ সদস্য, ঢাকা-১২।
- ৪। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/ রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
- ৫। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৯। ডিন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ১০। মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব (যুগ্ম-সচিব), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৩। উপ নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা দপ্তর, ঢাকা।  
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ১৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ১৫। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ১৬। অধ্যক্ষ, বাংলাদেশ কলেজ অব লেদার টেকনোলজি, হাজারীবাগ, ঢাকা।

১৪ জুন  
২০১১  
(আফসারী খানম)  
সিনিয়র সহকারী সচিব